

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.১২৪.২০১১/ ৭১

তারিখ : ২৪/৩/১৭ই

বিষয় : নাগেশ্বরী পৌরসভা কার্যালয়ের ২০১২-২০১৫ অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসংগে।

সূত্র : (ক) নাগেশ্বরী পৌরসভা স্মারক নং-৩৪৯, তারিখ-০৫/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাগেশ্বরী পৌরসভা কার্যালয়ের ২০১২-২০১৫ অর্থ বছরের জবাব পর্যালোচনাস্তে সন্তোষজনক বিবেচিত হয়নি। জবাব পর্যালোচনাস্তে দেখা যায় যে, ২০১২-২০১৫ অর্থ বছরের অনুঃ ১ এর আপত্তিকৃত ৩,০৭,৮৪৯/-টাকার মধ্যে ১,২১,০৩৮/-টাকা, অনুঃ ২ এর আপত্তিকৃত ১,৮৮,১১১/-টাকার মধ্যে ৬৭,৭৬৪/-টাকা, অনুঃ ৫ এর আপত্তিকৃত ৩,৩১,৫৬৬/-টাকার মধ্যে ১,২৩,৮৪৭/-টাকা, অনুঃ ৬ এর আপত্তিকৃত ১,১০,৫২১/-টাকার মধ্যে ৪১,২৮২/-টাকা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে মর্মে জানানো হয়েছে। কিন্তু অনুঃ ৭ এর আপত্তিকৃত অর্থ অদ্যাবধি সরকারি কোষাগারে জমা করা হয়নি।

এমতাবস্থায়, আপত্তিকৃত সমূদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা অনুসরণ করে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক			
আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২(দুই) সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানোর মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

মেয়র
নাগেশ্বরী পৌরসভা
কুড়িগ্রাম।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।